

# নিউইয়র্ক সিটি অভিবাসীদের জন্য সংস্থান

কারোরই ধর্ম, জাতি, সাংস্কৃতিক পরিচয়, যৌন অভিজোজন বা কোন দেশের মানুষ তার ভিত্তিতে অনিরাপদ বা ভীত অনুভব করা উচিত নয়। নিউ ইয়র্ক সিটি সরকার সমস্ত অধিবাসীকে সহায়তা প্রদান করে এবং বেশির ভাগ শহরের পরিষেবা নথিবদ্ধ নেই এমন অভিবাসী সহ প্রত্যেকের কাছে উপলব্ধ।

শহরের কর্মীরা তাদের কাজগুলো করার পক্ষে আবশ্যিক না হলে আপনার অভিবাসনের স্থিতি সম্পর্কে প্রশ্ন করবে না। যদি তারা আপনার অভিবাসন স্থিতি সম্পর্কে প্রশ্ন করে তবে আপনার তথ্য গোপনীয় থাকবে।

নিউইয়র্ক শহরের অভিবাসীরা পেতে পারে এমন কিছু পরিষেবা এখানে দেওয়া হল। আরো জানতে **311 নম্বরে ফোন করুন**।

## বৈষম্য থেকে সুবক্ষা

- কর্মস্থানে, আবাসন এবং সর্বজনীন স্থানগুলিতে বেআইনি বৈষম্যমূলক আচরণ, প্রতিশোধ এবং হয়রানি মুক্ত অবস্থায় বাঁচার অধিকার আপনার রয়েছে। মানব অধিকার বিষয়ক নিউইয়র্ক সিটি কমিশন (New York City Commission on Human Rights) নিউ ইয়র্কবাসীদের বৈষম্য এবং হয়রানি থেকে সুরক্ষিত করতে প্রতিদিন লড়াই করে। আপনি বৈষম্যের শিকার বলে মনে করলে, **718-722-3131**-এ কল করুন।

## IDNYC

- IDNYC হল শহরের পরিচয় পত্র। IDNYC প্রোগ্রামটি অভিবাসন স্থিতি সম্পর্কিত তথ্য সংগ্রহ করে না এবং সমস্ত তথ্য গোপন রাখে।

## শিক্ষা

- সমস্ত নিউইয়র্কবাসীর 5 বছর বয়স থেকে স্নাতক স্তর পর্যন্ত অথবা তারা 21 বছর বয়সে পৌঁছালে স্কুল বর্ষ শেষ হওয়া পর্যন্ত পাবলিক স্কুলে পড়ার অধিকার রয়েছে। 4 বছর বয়সী বাচ্চা অথবা স্কুল বর্ষ চলাকালীন 4 বছর বয়স হতে চলেছে এমন বাচ্চা বিনামূল্যে প্রাক-কিন্ডারগার্টেনের জন্য যোগ্য বলে বিবেচিত হয়। ইংরেজি ভাষাভাষী শিক্ষার্থীদের জন্য সহায়তা উপলব্ধ।

## স্বাস্থ্যসেবা

- সমস্ত নিউইয়র্কবাসীর জন্য পাবলিক হাসপাতাল এবং ক্লিনিকগুলোতে স্বল্প ব্যয়ে আপংকালীন এবং আপংকালীন নয় এমন স্বাস্থ্যসেবা উপলব্ধ। নিউইয়র্ক সিটি স্বাস্থ্য ডিপার্টমেন্ট (New York City Health Department) ক্লিনিক স্বল্প থেকে প্রায় বিনামূল্যে টীকাকরণ এবং যৌন স্বাস্থ্য পরিষেবা ও বিনামূল্যে যক্ষ্মার চিকিৎসা দেয়। আরো তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন।
- NYC Well আপনার সাথে বিনামূল্যে, গোপনীয় মানসিক স্বাস্থ্য যত্নের সঙ্গে সংযোগকারী সেতু রচনা করে। পরিষেবাটি 200টিরও বেশি ভাষায় 24/7 উপলব্ধ। **1-888-692-9355**-এ কল করুন, **65173**-এ WELL পার্শ্ব পাঠান বা **nyc.gov/nycwell**-এ দেখুন।

## শিশুদের দেখভাল

- 6 বছর বয়সী শিশুসহ স্বল্প-আয়ের পরিবারগুলি বাচ্চাটির 12 বছর বয়স অবধি বিনামূল্যে বা স্বল্প ব্যয়ে বাচ্চাদের যত্ন পেতে পারে।

## আপংকালীন খাবার এবং আশ্রয়

- শহর জুড়ে সুপ কিচেন এবং খাবারের প্যাক্সিগুলো অভাবী মানুষদেরকে বিনামূল্যে খাবারের সুযোগ দেয়।
- HomeBase প্রোগ্রামটি কাজের প্রশিক্ষণ, বাচ্চাদের দেখভাল এবং উচ্ছেদরোধী আইনি পরিষেবার মতো সংস্থানগুলো সরবরাহ করার মাধ্যমে আশ্রয় ব্যবস্থায় প্রবেশ করা এড়াতে অভিবাসীদের সাহায্য করতে পারে।

## সর্বজনীন নিরাপত্তা

- শহরটি অভিবাসন আইন বলবৎ করে না। নিউইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (New York City Police Department, NYPD) অপরাধের শিকার, সাক্ষী বা সহায়তা চাইছে এমন কারোর অভিবাসন স্থিতি জানতে চায় না।
- আপনি কোনো ঘৃণ্য অপরাধের শিকার হয়েছেন বলে বিশ্বাস করলে **646-610-5267** নম্বরে NYPD হেট ক্রাইমস টাস্ক ফোর্সে (NYPD Hate Crimes Task Force) কল করুন।

## অভিবাসনের ক্ষেত্রে আইনি সহায়তা

- বিনামূল্যে এবং গোপনীয় অভিবাসন আইনি সহায়তার জন্য **1-800-354-0365** নম্বরে ActionNYC কে কল করুন। গ্রাহকদের থেকে অনৈতিক সুবিধা গ্রহণকারী লাইসেন্সবিহীন অভিবাসন পরিষেবা সরবরাহকারীদের থেকে সাবধান হোন। শুধুমাত্র বিশ্বস্ত, লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি অথবা সর্বজনস্বীকৃত প্রতিনিধির থেকে সহায়তা গ্রহণ করুন। আপনার কোনো প্রশ্ন থাকলে সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে রাত্রি 8টা অবধি **1-800-566-7636**-এ নিউ আমেরিকান হটলাইনে (New Americans Hotline) কল করুন।



নিজের ভাষায় সেবা পাবার অধিকার আছে আপনার।

এই পরিষেবাগুলি নিউ ইয়র্ক সিটি সরকারী অফিস এবং ক্লিনিকগুলোতে বিনামূল্যে পাওয়া যায়।

**NYC**  
Health